NYC Health

COVID-19 এর সময় নিরাপদে ভোটদান

নির্বাচনের দিন হল **মঙ্গলবার, 3রা নভেম্বর, 2020**। আপনি নির্দিষ্ট কিছু ভোটগ্রহণ কেন্দ্রে নির্বাচনের তারিখের আগে, নির্বাচনের দিনে নিজে গিয়ে, অথবা অনুপস্থিত ব্যক্তির ব্যালটে বাড়ি থেকে নিরাপদে ভোট দিতে পারেন।

ভোটদান, উন্নত বাসস্থান, শিক্ষার সুযোগ, স্বাস্থ্য সেবা এবং স্বাস্থ্যকর খাদ্যে অ্যাক্সেস করার মতো আপনার কমিউনিটির বন্দোবস্তগুলিকে -- যেগুলির সবকটিই আপনার ও আপনার পরিবারের স্বাস্থ্য সম্পর্কিত আরো ভালো ফলাফলের কারণ হতে পারে, সেগুলিকে সরাসরি প্রভাবিত করে।

ভোট দেওয়ার জন্য নিবন্ধন করুন

এই বছরে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার শেষ তারিখ হল **শুক্রবার, 9ই অক্টোবর, 2020**। আপনি অনলাইনে, নিজে গিয়ে বা ডাকযোগে নিবন্ধন করতে পারেন।

- আপনার একটি ড্রাইভার লাইসেন্স, পার্মিট বা নন-ড্রাইভার ID এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকলে, আপনি voterreg.dmv.ny.gov/MotorVoter **সাইটে গিয়ে অনলাইনে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন।**
- **ডাকযোগে নিবন্ধন করতে**, একটি নিবন্ধনের ফর্ম ডাউনলোড করার জন্য vote.nyc/page/register-vote ভিজিট করুন। আপনি লাইব্রেরী (Bronx, Manhattan, Staten Island, Brooklyn, এবং Queens এ জায়গাগুলি দেখুন), পোস্ট অফিস, এবং বিবিধ NYC সরকারি এজেন্সি থেকেও ফর্মগুলি সংগ্রহ করতে পারেন । আপনি 866-868-3692 নম্বরে ফোন করে একটি ফর্ম ডাকযোগে পাঠানোর, vote@boe.nyc.ny.us এ ইমেল করে এবং বিষয়ের লাইনে আপনার বরোর নাম দিয়ে একটি ফর্ম পাঠানোর অনুরোধ করতে পারেন।
  - ফর্মটি সম্পূর্ণ করে এবং স্বাক্ষর করে, সেটি আপনার কাউন্টির নির্বাচন বোর্ডের ঠিকানায় (ফর্মের পিছনের দিকটি দেখুন) ডাকযোগে পাঠিয়ে দিন।
  - নিশ্চিত করুন যে আপনার ফর্মটি যেন **শুক্রবার, 9ই অক্টোবর, 2020** এর মধ্যে পোস্টমার্ক করা হয়।
- ভোট **দেওয়ার জন্য আপনি ইতিমধ্যে নিবন্ধন করেছেন কিনা তা দেখতে**, nycvotersearch.com দেখুন বা 866-868-3692 নম্বরে ফোন করুন।
- **আপনার ভোটগ্রহণ কেন্দ্রের অবস্থান**, দেখতে findmypollsite.vote.nyc ভিজিট করুন।

নিজে গিয়ে ভোট দেওয়ার সময় নিরাপদ থাকা

আপনার এবং আপনার আশেপাশের লোকজনের নিরাপদ ও সুস্থ থাকা নিশ্চিত করতে এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:

- **একটি মুখের আবরণ পরুন।** যে কোনো ভোটগ্রহণ কেন্দ্রে প্রবেশ করতে গেলে মুখের আবরণ বাধ্যতামূলক। আপনার আশেপাশের লোকজনদের সুরক্ষিত রাখুন এবং একটি মুখের আবরণ সঠিকভাবে পরুন (আপনার নাক ও মুখ ঢেকে)
- **স্বাস্থ্যসম্মত হাতের স্বাস্থ্যবিধি অনুশীলন করুন।** ভোটগ্রহণ কেন্দ্রগুলি হ্যান্ড স্যানিটাইজার দেবে, এবং আপনি আপনার নিজেরটাও নিয়ে যেতে পারেন। যে কোনো শেয়ার করা সারফেস স্পর্শ করার আগে ও পরে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন, এবং বাড়িতে ফিরে আসার পরে অবিলম্বে সাবান ও জল দিয়ে ধাত ধুন। হাত না ধুয়ে মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন।
- **শারীরিক দূরত্ব বজায় রাখার অভ্যাস করুন।** শারীরিক দূরত্ব বজায় রাখার কথা বিবেচনা করেই ভোটগ্রহণ কেন্দ্রগুলি গঠন করা হবে। ভোটগ্রহণ কেন্দ্রে থাকাকালীন নির্দেশাবলী অনুসরণ করুন এবং অন্যান্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখুন।
- **লম্বা লাইন এবং ভীড় এড়িয়ে চলুন।** পারলে, **আগে ভোট দিন**, নির্বাচনের তারিখের আগে বা আপনার ভোটগ্রহণ কেন্দ্র যখন কম ব্যস্ত থাকে, সাধারণত বেলার দিকে বা দুপুরের দিকে, সেই সময় যান।

- **অসুস্থ হলে বাড়িতে থাকুন।** ভোটদান গুরুত্বপূর্ণ, কিন্তু আপনার বাড়ি থেকে বেরোবার আগে আপনার সুস্থ থাকা এবং অন্যদের অসুস্থ হয়ে পড়া প্রতিরোধ করতে আপনার সহায়তা আরো বেশি গুরুত্বপূর্ণ। আপনার একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট না থাকলে, আপনার ভোটদানের বিকল্পগুলি সম্পর্কে নির্দেশনার জন্য আপনার কাউন্টির নির্বাচন বোর্ডের কার্যালয়ে যোগাযোগ করুন।

নির্বাচনের তারিখের আগে ভোটদান

নিউ ইয়র্কবাসীগণের কাছে নির্বাচনের তারিখের আগে ভোটদানের বিকল্প আছে। নির্বাচনের তারিখের আগে ভোটদান **শনিবার 24শে অক্টোবর, 2020** তে শুরু হবে এবং **রবিবার 1লা নভেম্বর, 2020 তারিখে** শেষ হবে।

- নির্বাচনের তারিখের আগে ভোটদানের ক্ষেত্রে আপনার ভোটদান কেন্দ্র আপনার নিয়মিত ভোটদান কেন্দ্রের থেকে আলাদা হতে পারে। আপনাকে কোন কেন্দ্রে যেতে হবে তা জানতে findmypollsite.vote.nyc ভিজিট করুন।
- নির্বাচনের তারিখের আগে ভোটদানের কেন্দ্রগুলি খোলা থাকবে:
  - শনিবার, 24শে অক্টোবর, 2020, সকাল 10টা থেকে বিকেল 4টে।
  - রবিবার, 25শে অক্টোবর, 2020, সকাল 10টা থেকে বিকেল 4টে।
  - সোমবার, 26শে অক্টোবর, 2020, সকাল 7টা থেকে দুপুর 3টে।
  - মঙ্গলবার, 27শে অক্টোবর, 2020, বেলা বারোটা থেকে রাত 8টা।
  - বুধবার, 28শে অক্টোবর, 2020, বেলা বারোটা থেকে রাত 8টা।
  - বৃহস্পতিবার, 29শে অক্টোবর, 2020, সকাল 10টা থেকে সন্ধ্যে 6টা।
  - শুক্রবার, 30শে অক্টোবর, 2020, সকাল 7টা থেকে দুপুর 3টে।
  - শনিবার, 31শে অক্টোবর, 2020, সকাল 10টা থেকে বিকেল 4টে।
  - রবিবার, 1লা নভেম্বর, 2020, সকাল 10টা থেকে বিকেল 4টে।

অনুপস্থিত ব্যক্তির ব্যালট দিয়ে বাড়ি থেকে ভোটদান

COVID-19 অতিমারীর জন্য, সমস্ত নিউ ইয়র্কবাসীর একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ জানানোর এবং ডাকযোগে ভোট দেওয়ার বিকল্প আছে।

- কীভাবে একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ জানাবেন সে সম্পর্কে জানতে, vote.nyc/page/absentee-voting ভিজিট করুন।
- অনলাইনে, বা ডাকযোগে, ইমেল, ফোন বা ফ্যাক্স মারফত একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ জানানোর শেষ তারিখ **মঙ্গলবার, 27শে অক্টোবর, 2020**। যদিও, পোস্ট অফিস সতর্ক করে দিয়েছে যে আপনি **20 অক্টোবর, 2020 এর আগে অনুরোধ জমা** না করলে তারা আপনার সময়মতো ব্যালটটি পাওয়ার নিশ্চয়তা দিতে পারবে না।
  - নিজে গিয়ে একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ জানানোর শেষ তারিখ **সোমবার, 2রা নভেম্বর, 2020**।

একবার আপনি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পেয়ে গেলে, আপনি ডাকযোগে বা নিজে গিয়ে সেটি ফেরত দিতে পারবেন। নির্দেশনাগুলি হবহু অনুসরণ করা নিশ্চিত করুন - আপনার ভোট গণনার মধ্যে আসা নিশ্চিত করার জন্য এটি গুরুত্বপূর্ণ।

- আপনি আপনার ব্যালটটি ডাকযোগে পাঠানোর পরিকল্পনা করলে, সেটি অবশ্যই **মঙ্গলবার, 3রা নভেম্বর, 2020** তারিখের মধ্যে পোস্টমার্ক হতে হবে, যদিও সেটি সময়মতো পাওয়া নিশ্চিত করার জন্য পোস্ট অফিস সেটি **মঙ্গলবার, 27 শে অক্টোবর, 2020** এর মধ্যে ফেরত পাঠানোর সুপারিশ করে।
  - আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট ডাকযোগে পাঠানোর **জন্য** ডাকমাশুল দিতে হবে। নিশ্চিত করুন যে আপনার কাছে ডাকটিকিট আছে এবং আপনার ব্যালটটি ডাকযোগে পাঠানোর জন্য আপনি পর্যাপ্ত ডাকটিকিট লাগিয়েছেন।
  - আপনার ব্যালটটি যে পাওয়া গেছে তা সুনিশ্চিত করতে nysballot.elections.ny.gov/TrackMyBallot এ আপনি ট্র্যাক করতে পারেন।
- ব্যালটগুলি আপনার ভোটদান কেন্দ্রে বা কাউন্টির নির্বাচন বোর্ডের কার্যালয়ে নিজে গিয়েও 3রা নভেম্বর, 2020 তারিখে জমা করা যাবে।